

ক্রমিক নং	বিষয়	অনুমোদিত/পিসিপি অনুমোদিত প্রকল্প/কর্মসূচী	অননুমোদিত (সংশোধিত অননুমোদিত সহ) প্রকল্প/কর্মসূচী	অনুসরণীয় শর্তাবলী
১	২	৩	৪	৫
১৪.	উন্নয়ন বাজেটের অব্যয়িত অর্থ সমর্পণ	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ, সরকারী দপ্তর/অধিদপ্তর/কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের অব্যয়িত সমুদয় অর্থ ৩০ জুন তারিখের মধ্যে (জিও জারীর ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা সি.এ.ও. বরাবরে আদেশ জারীর মাধ্যমে) সমর্পণ করতে হবে এবং বিবরণী কপি (সংলগ্নী - ১৭ অনুযায়ী) অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। (২) উন্নয়ন বাজেটের আওতায় স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রকল্পসমূহের জন্য বরাদ্দকৃত অর্থের বিপরীতে উত্তোলিত অর্থের অব্যয়িত সমুদয় অর্থ ৩০ জুন তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে কোড নং - ১/মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার কোড-----/প্রকল্পের কোড-----/২৬৭১ "অতিরিক্ত প্রদত্ত আদায়" খাতে জমা দিয়ে চালানের কপি সহ অর্থ বিভাগকে অবহিত করতে হবে।		
১৫.	বিস্তারিত উন্নয়ন বাজেট প্রণয়ন	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উন্নয়ন বাজেট বরাদ্দের ভিত্তিতে বিস্তারিত ব্যয় বিভাজন পরিশিষ্ট-১(সংলগ্নী-৪৫) ও সংলগ্নী - ৩০ অনুসারে প্রস্তুত করে ১৫ই জুলাই এর মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। বিভাজন যথাসময়ে পাওয়া না গেলে প্রকল্প বরাদ্দ (রাজস্ব ও মূলধন) থোক হিসাবে প্রদর্শন করতঃ বিস্তারিত উন্নয়ন বাজেট চূড়ান্ত করা হবে। এ ক্ষেত্রে থোক বরাদ্দে প্রদর্শিত অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে।		
১৬.	অর্থ ব্যয়ের বিবরণী দাখিল	(১) উন্নয়ন প্রকল্পের পাক্ষিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রনয়নের নিমিত্তে সংলগ্নী - ৩৪ অনুযায়ী অর্থ অবমুক্তি ও ব্যয়ের তথ্যাদি প্রতি মাসের ১৫ ও ৩০ তারিখে অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। (২) ১৫ জানুয়ারী ও ১৫ জুলাই এর মধ্যে প্রকল্পওয়ারী অর্থ অবমুক্তি ও ব্যয়ের মাস্মাসিক বিবরণী (সংলগ্নী - ৫, ৯) অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। অর্থ বছর শেষে সংলগ্নী - ১৭ অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ উহার অধীনস্থ প্রকল্প সমূহের রিকনাসিলিয়েশন প্রতিবেদন ১৫ জুলাই 'এর মধ্যে সি.এ.ও. এর কার্যালয় এবং অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। (৩) প্রতি অর্থ বছর শেষে সংলগ্নী-১৭ মোতাবেক প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ উহার অধীনস্থ প্রকল্প সমূহের ব্যয় বিবরণী জুলাই মাসের ৩য় সপ্তাহের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করবে।		
১৭.	স্থানীয় মূল্য সংযোজন কর (ভ্যাট)/ আয়কর পরিশোধ সংক্রান্ত	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদিত চুক্তির শর্ত অনুসারে ঠিকাদার/কনসালটেন্ট এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর/আয়কর পরিশোধের জন্য প্রয়োজনের ভিত্তিতে সরবরাহ সেবা খাতের বরাদ্দের ছাড়কৃত অর্থ থেকে প্রয়োজন অনুযায়ী অর্থ পরিশোধ করতে পারবে। (২) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই পদ্ধতি প্রযোজ্য হবে।	(১) পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে প্রয়োজন অনুযায়ী অর্থ ছাড় করা যাবে। (২) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) প্রকল্পের সরবরাহ সেবা খাতে প্রয়োজনীয় বরাদ্দ থাকতে হবে। (২) আমদানীর জন্য নির্ধারিত সিডি ভ্যাট খাতের বরাদ্দ থেকে স্থানীয় মূল্য সংযোজন কর বা আয়করের অর্থ পরিশোধ করা যাবে না।
১৮.	উন্নয়ন প্রকল্পের আওতায় পদ সৃষ্টি ও সংরক্ষণ	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট প্রকল্পের অনুমোদিত জনবলের জন্য পদ সৃষ্টি ও সংরক্ষণের আদেশ জারী করবে এবং তার অনুলিপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। (২) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ আন্তঃ মন্ত্রণালয় কমিটির সুপারিশ এবং পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগের সম্মতিক্রমে প্রকল্পের পদ সৃষ্টি/সংরক্ষণের আদেশ জারী করতে পারবে। (২) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।	সকল প্রকার প্রকল্পের পদ সৃষ্টি ও সংরক্ষণের আদেশ সংলগ্নী - ২০ অনুযায়ী সংশ্লিষ্ট অর্থ বছর ভিত্তিক হতে হবে এবং বেতন নির্ধারণের ক্ষেত্রে সংলগ্নী - ২৯ অনুসরণ করতে হবে।